

🗏 আদ-দুখান | Ad-Dukhan | اُلدُّخان

আয়াতঃ ৪৪ : ২৯

💵 আরবি মূল আয়াত:

فَمَا بَكَت عَلَيهِمُ السَّمَآءُ وَ الأرضُ وَ مَا كَانُوا مُنظَرِينَ ﴿٢٩﴾

🗚 অনুবাদসমূহ:

অতঃপর আসমান ও যমীন তাদের জন্য কাঁদেনি এবং তারা অবকাশপ্রাপ্ত ছিল না। — আল-বায়ান আসমান আর যমীন তাদের জন্য কাঁদেনি, আর তাদেরকে একটু অবসরও দেয়া হয়নি। — তাইসিরুল আকাশ এবং পৃথিবীর কেহই তাদের জন্য অশ্রুপাত করেনি এবং তাদেরকে অবকাশও দেয়া হয়নি। — মুজিবুর রহমান

And the heaven and earth wept not for them, nor were they reprieved. — Sahih International

২৯. অতঃপর আসমান এবং যমীন তাদের জন্য অশ্রুপাত করেনি এবং তারা অবকাশপ্রাপ্তও ছিল না।

তাফসীরে জাকারিয়া

- (২৯) আকাশ ও পৃথিবী কেউই ওদের জন্যে অশ্রুপাত করেনি[1] এবং ওদেরকে অবকাশও দেওয়া হয়নি।
 - [1] অর্থাৎ, এই ফিরআউনীদের কোন নেক আমলই ছিল না যে, তা আকাশে চড়ত এবং তার ধারাবাহিকতা ছিন্ন হওয়ার ফলে আকাশ কাঁদত। আর না তারা পৃথিবীতে আল্লাহর ইবাদত করেছে যে, তা থেকে বঞ্চিত হওয়ার ফলে পৃথিবী কাঁদত। অর্থাৎ, তাদের ধ্বংসের জন্য আকাশ ও পৃথিবীর মধ্যে কাঁদার কেউ ছিল না। (ফাতহুল কাদীর)

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4443

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন